গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা
(নেজারত শাখা)
www.bhola.gov.bd

স্মারক নম্বর-০৫.১০.০৯০০.০০৪.০৩.০১২.১৫- ৭৪৮

তারিখঃ ২৭ মাঘ ১৪৩১
০২ ফেব্রুয়ারি ২০২৫

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখার ০৬ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ তারিখের ০৫.০০.০০০০.২১২.১১.০০২.২৪-২৮ নম্বর ও ২৪ মার্চ ২০২৪ তারিখের ০৫.০০.০০০০.২১২.১১.০০২.২৪-৪২ নম্বর স্মারকদ্বয়ে প্রাপ্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা ও অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং সার্কিট হাউজসমূহে নিম্নবর্ণিত শূন্য পদসমূহে জাতীয় বেতনস্কেল, ২০১৫ ও প্রচলিত নিয়োগবিধি অনুযায়ী অস্থায়ীভিত্তিতে সরাসরি জনবল নিয়োগের নিমিত্ত ভোলা জেলার স্থায়ী (পুরুষ/মহিলা) বাসিন্দাদের নিকট হতে নিম্নলিখিত শর্তে অনলাইনে (http://dcbhola.teletalk.com.bd ওয়েবসাইটে) নির্ধারিত সময়ের মধ্যে আবেদন আহবান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক নম্বর | দপ্তরের নাম | পদের নাম | বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী | পদসংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা (শিক্ষাগত ও অন্যান্য) {জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নিয়োগ বিধিমালা ২০২০ (সংশোধিত ২০২৪ অনুযায়ী)} |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৫ | ৪ | ৬ |
| ০১ | জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা এবং অধীনস্থ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহ | অফিস সহায়ক | গ্রেড-২০<br>স্কেল : ৮,২৫০-২০,০১০/- | ১৬ (ষোল) টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>খ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| | | নিরাপত্তা প্রহরী | গ্রেড-২০<br>স্কেল : ৮,২৫০-২০,০১০/- | ০৫ (পাঁচ) টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে; এবং<br>গ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| | | পরিচ্ছন্নতা কর্মী | গ্রেড-২০<br>স্কেল : ৮,২৫০-২০,০১০/- | ১০ (দশ) টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>খ) মোট পদের শতকরা ৮০ (আশি) ভাগ পদ জাত হরিজন প্রার্থীগণের জন্য বরাদ্দ থাকবে, তবে জাত হরিজন প্রার্থী পাওয়া না গেলে সেক্ষেত্রে সাধারণ প্রার্থীগণের মধ্য হতে নিয়োগ প্রদান করা হবে।<br>গ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| | | মালি | গ্রেড-২০<br>স্কেল : ৮,২৫০-২০,০১০/- | ০১ (এক) টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>খ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০২ | সার্কিট হাউজ ভোলা। | বেয়ারার | গ্রেড-২০<br>স্কেল : ৮,২৫০-২০,০১০/- | ০১ (এক) টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>খ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| | | বাবুর্চি | গ্রেড-২০<br>স্কেল : ৮,২৫০-২০,০১০/- | ০১ (এক) টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) রান্নার কাজে অন্যূন ০৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা; এবং<br>গ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

CS CamScanner

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | সার্কিট হাউজ ভোলা। | নিরাপত্তা প্রহরী | গ্রেড-২০<br>স্কেল : ৮,২৫০-২০,০১০/- | ০১ (এক) টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ) সুস্বাস্থ্যের অধিকারী হইতে হইবে; এবং<br>গ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| | | পরিচ্ছন্নতা কর্মী | গ্রেড-২০<br>স্কেল : ৮,২৫০-২০,০১০/- | ০১ (এক) টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>খ) মোট পদের শতকরা ৮০ (আশি) ভাগ পদ জাত হরিজন প্রার্থীগণের জন্য বরাদ্দ থাকবে, তবে জাত হরিজন প্রার্থী পাওয়া না গেলে সেক্ষেত্রে সাধারণ প্রার্থীগণের মধ্য হতে নিয়োগ প্রদান করা হবে।<br>গ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| | | মালি | গ্রেড-২০<br>স্কেল : ৮,২৫০-২০,০১০/- | ০১ (এক) টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>খ) তপশিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

**আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:**

০১। আবেদন শুরুর ..০৪.০২.....২০২৫ খ্রিস্টাব্দ তারিখে প্রার্থীর বয়স ন্যূনতম ১৮ (আঠারো) বছর এবং **প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর।** সরকারের সর্বশেষ পরিপত্র অনুসরণ করা হবে।

০২। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ পূরণে "জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নিয়োগ বিধিমালা ২০২০ (সংশোধিত ২০২৪ অনুযায়ী) এর নির্দেশনা অনুসরণ করা হবে।

০৩। সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে হবে।

০৪। নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগ বিধি মতে লিখিত ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।

০৫। চাকরির জন্য আবেদন আগামী ০৪/০২/...২০২৫ খ্রিস্টাব্দ তারিখ সকাল ১০:০০ টা হতে ..২৮/০২/..২০২৫ খ্রিস্টাব্দ তারিখ বিকাল ৫:০০ টা পর্যন্ত অনলাইনে দাখিল করা যাবে। **সরাসরি/ডাকযোগে কোন আবেদন গ্রহণ করা হবে না। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল আবেদন বাতিল মর্মে গণ্য হবে।**

০৬। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/অনাপত্তিপত্র/কাগজপত্রাদির মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দাখিল/উপস্থাপনযোগ্য কাগজপত্রের তালিকা নিম্নরূপ:

ক) সকল সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্র (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা সত্যায়ন করতে হবে);

খ) ভোলা জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে পৌরসভার মেয়র/প্রশাসক অথবা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক কর্তৃক প্রদত্ত অনলাইন নাগরিকত্ব সনদ;

গ) জাতীয় পরিচয়পত্র/ অনলাইন জন্ম নিবন্ধন সনদ;

ঘ) চাকরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র;

ঙ) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র;

চ) আবেদনকারী মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হলে আবেদনের সাথে সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক অথবা পৌরসভার মেয়র/প্রশাসক কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র এবং;

ছ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ কোটার স্বপক্ষে উপযুক্ত প্রমাণপত্র।

০৭। নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে চূড়ান্ত নিয়োগ প্রদানের পূর্বে প্রার্থীর চারিত্রিক প্রতিপাদন সম্পাদন করা হবে।

০৮। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুল বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে দরখাস্ত/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯। যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তবে তিনি আবেদন করার জন্য যোগ্য হিসাবে বিবেচিত হবেন না।

১০। বিজ্ঞাপনে উল্লিখিত পদে চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।

CamScanner

১১। অনলাইনে আবেদনপত্র পূরণ ও দাখিল করার নিয়মাবলী ও শর্তাবলী:

ক) আগ্রহী প্রার্থীগণ http://dcbhola.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

iv) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: 08/2/25 খ্রিস্টাব্দ সকাল ১০:০০টা।

v) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: 28/2/25... খ্রিস্টাব্দ বিকাল ৫:০০ টা।

vi) উক্ত সময়সীমার মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে Teletalk pre-paid mobile নম্বর থেকে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষর সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

গ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি "রঙিন প্রিন্টকপি" পরীক্ষা সংক্রান্ত যেকোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দেবেন।

ঘ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা এবং এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোডপূর্বক নিশ্চিত হয়ে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোনো Teletalk pre-paid mobile নম্বর এর মাধ্যমে ০২ (দুইটি) SMS করে আবেদন ফি ৫০/-(পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ও ভ্যাট বাবদ ৬/-(ছয়) টাকাসহ অফেরতযোগ্য মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দেবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, **"Online**-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে **Submit** করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত **Online** আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

প্রথম SMS : DCBHOLA <space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example : DCBHOLA ABCDEF
Reply : Applicant's Name, Tk. 56/- Will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DCBHOLA Yes PIN and send to 16222.

দ্বিতীয় SMS: DCBHOLA <space> Yes <space> PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example : DCBHOLA YES 12345678 and send to 16222.
Reply : Congratulations Applicant's Name, payment completed successfully for DCBHOLA Application for the post xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx)

ঙ) Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

চ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে প্রার্থী প্রবেশপত্র Download পূর্বক প্রিন্ট করে নেবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

ছ) শুধু Teletalk pre-paid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

iii) User ID জানা থাকলে:
DCBHOLA <space> Help <space> User <space> User ID & Send to 16222
Example: DCBHOLA Help User 12345678 Send to 16222

iv) PIN Number জানা থাকলে:
DCBHOLA <space> Help <space> PIN <space> PIN No & Send to 16222
Example: DCBHOLA Help PIN 12345678 Send to 16222

জ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোনো মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঝ) Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে যেকোনো টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা dcbhola@mopa.gov.bd ই-মেইল এ যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে (Mail/মেসেজ এর subject-এ Organization Name: BHOLA, Post Name: *****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

১২। অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ে বা নিয়োগ দানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৩। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা এর ওয়েবসাইট www.dcbhola.gov.bd এবং http://dcbhola.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও পাওয়া যাবে।

১৪। পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারীকে কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৫। আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬। নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত কোনো শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১৭। অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজ দায়িত্বে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম অথবা কম্পিউটার দোকানদার থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১৮। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.dcbhola.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

** **আগ্রহী প্রার্থীকে শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমা দান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।**

০৭/০৭/২৫

মোঃ আজাদ জাহান
জেলা প্রশাসক
ভোলা।
ফোন- ০২৪৭৮৮৯৩৪০০
E-mail: dcbhola@mopa.gov.bd

জেলা প্রশাসক ভোলা এর
ওয়েবসাইটে প্রবেশ এর
**QR Code**

CamScanner